কোটচাঁদপুরে মানবাধিকার কর্মীদের উদ্যোগে খাবার বিতরণ

শিশু কাঁদে ক্ষুধার জ্বালায় আর মা কাঁদে শিশুর যন্ত্রণায়, এমনই অসহায় পথ শিশু, পাগল, প্রতিবন্ধী ও ভবঘুরে মানুষদেরকে রেল স্টেশন, বাস স্ট্যান্ড ও বাজারে খুঁজে খুঁজে শতাধিক অসহায় মানুষদের মাঝে দুপুরের খাবার বিতরণ করেছে কোটচাঁদপুর মানবাধিকার সংস্থা।

আজ রবিবার ১০ই ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় সারাদিন ব্যাপি অসহায়দের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচী চলমান ছিল।

এ সময় উপস্থিত ছিলেন মানবাধিকার মনিটরিং অগর্নাইজেশন কোটচাঁদপুর শাখার সভাপতি সাংবাদিক মোঃ রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাড. আশরাফুল আলম মালিথা, সাংবাদিক সুব্রত কুমার, সহ সভাপতি সাংবাদিক মোস্তাফিজুর রহমান, সহ সাধারন সম্পাদক সাংবাদিক আবু সাইদ শওকত, অর্থ সম্পাদক সাংবাদিক মইন খান, দপ্তর সম্পাদক সাংবাদিক আব্দুল্লাহ বাশার, প্রচার সম্পাদক মোঃ আবুল বাশারসহ সংগঠনের অন্যান্য সদস্যরা। অভুক্ত অসহায় মানুষগুলো ও শিশুরা দুপুরের গরম খাবার পেয়ে আনন্দ প্রকাশ করেন।
তারা জানান আমাদের প্রায়ই মানবাধিকারের ভায়েরা খাবার দিয়ে থাকেন। এ বিষয়ে কথা বলা হয় সংস্থার সভাপতি মোঃ রেজাউল করিম এর সাথে।

তিনি জানান কোটচাঁদপুরে আমাদের নিজস্ব কার্যালয় রয়েছে। আমাদের শতাধিক সদস্য আছেন। আমরা রক্তদান, বৃক্ষরোপণ, মানবিক সহায়তা, বাল্য বিবাহ রোধ, গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সহযোগিতা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও সমাজে নির্যাতিত নারীদের আইনী সহায়তাসহ বহুবিদ সামাজিক ও মানবিক কার্যক্রম করে থাকি। তারই অংশ হিসেবে আন্তর্জাতিক মানবাধিকার দিবসে অসহায়দেরন মাঝে এক বেলা খাবারের ব্যবস্থা করেছি।

উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতা এবং সদস্যদের নিজস্ব অর্থায়নে আমাদের কার্যক্রম গুলো হয়ে থাকে। সমাজের অবহেলিত ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফলিত পুষ্টি বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ কৃষি মন্ত্রনালয়ের অধিনস্ত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর উদ্যোগে রবিবার (১০ডিসেম্বর) সকাল ১০টা থেকে উপজেলার ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই ক্যাম্পেইন শুরু হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুচ আলী সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মনিরুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে সাংবাদিক মোঃ শাহানুর আলম, বিদ্যালয়ের সভাপতি গোলাম রহমান, সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস প্রমূখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক নানা দিক তুলে ধরেণ এবং ছাত্রছাত্রীদের সুষম খাদ্য গ্রহনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা আব্দুল মজিদ এবং সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল আহাম্মেদ। আলোচনা শেষে শিক্ষার্থীদের হাতে দুইটি ফলের চারা, দুই পেকেট সবজি বীজ এবং দুপুরের খাবার তুলে দেন।

ঝিনাইদহে মানবাধিকার দিবস পালিত

‘সবার জন্য স্বাধীনতা, সমতা ও ন্যায় বিচার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে মানবাধিকার দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে রোববার (১০ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সেসময় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াছমিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এদিকে দিবসটি উপলক্ষে সকালে শহরের পায়রা চত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে জেলার মানবাধিকার সংগঠনগুলো। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার বাস্তবায়ন সংস্থা, ওয়েলফেয়ার এফোর্টস, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। কর্মসূচীতে মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, শরিফা খাতুন, হাফিজুর রহমান, সুব্রত মল্লিক, হাফিজুর রহমান, বাবলু কুন্ডুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মানবাধিকার বাস্তবায়নের জন্য রাস্ট্র থেকে শুরু করে সমাজের সর্বস্তরের মানুষকে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে বিএনপির মানববন্ধন

কর্মসূচী পালিত

আন্তর্জাতিক মানবাধিকার দিবসে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। রোববার (১০ডিসেম্বর) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়কে এ কর্মসূচী পালিত হয়।

এতে বিএনপি, মহিলা দলসহ উপজেলা বিএনপির নেতাকর্মীরা আলাদা আলাদা ব্যানার নিয়ে অংশ নেয়। কর্মসূচীতে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, জেলা বিএনপির উপদেষ্টা ও ঝিনাইদহ আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. রবিউল ইসলাম, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি এ্যাড. শামসুজ্জামান লাকি, জেলা বিএনপির মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাড. জাকারিয়া মিলন, মহিলা দলের সাধারণ সম্পাদক তহুরা খাতুন, জেলা বিএনপির আইন বিষয়ক সহ-সম্পাদক এ্যাড. আব্দুল আলিমসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, বিএনপির চলমান আন্দোলন ঘিরে সরকার পুলিশ বাহিনী দিয়ে নিরীহ কর্মীদের মিথ্যা মামলায় গ্রেফতার করে কারাগারে রেখেছে। মাসের পর মাস তাদের পরিবারের সদস্যরা মানবেতর জীবনযাপন করছেন। মিথ্যা, বানোয়াট মামলা দিয়ে গ্রেফতার করিয়ে হাজতে দেওয়া চরম মানবাধিকার লঙ্ঘন। তাই দ্রুত এসব নেতাকর্মীদের নিঃশর্ত মুক্তির দাবী জানান তারা।

ঝিনাইদহে কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল ফাউন্ডেশনের বৃত্তি পরীক্ষা সম্পন্ন

বাংলাদেশ কিন্ডারগার্টেন এন্ড প্রিক্যাডেট স্কুল ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত ৮ ও ৯ ডিসেম্বরের বৃত্তি পরীক্ষা-২০২৩

শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে।

ঝিনাইদহ সরকারী উচ্চ বালক বিদ্যালয়ে প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হয়ে ৫টা পর্যন্ত চলেছে। ঝিনাইদহ সদর উপজেলার অন্তর্গত ফাউন্ডেশনের আওতাধীন ৩১টি প্রিক্যাডেট স্কুল ও কিন্ডারগার্টেনের ৮২৫জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ গ্রহন করে।

ঢাকাসহ সারাদেশে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা চলাকালীন কেন্দ্র পরিদর্শন করেণ ফাউন্ডেশনের কেন্দ্রীয় সদস্য সচিব ও বাংলাদেশ কিন্ডারগার্টেন এন্ড প্রিক্যাডেট স্কুল ফাউন্ডেশন এর ঝিনাইদহ জেলা শাখার সভাপতি আবুল কালাম আজাদ।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলার সাধারণ সম্পাদক কামাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মাসুদ পারভেজ। এছাড়াও পরীক্ষার হল সুপার শহিদুল ইসলাম এবং সহকারী হল সুপার মনিরুজ্জামান মানিক উপস্থিত ছিলেন। হল পরিদর্শণ শেষে কেন্দ্রীয় সদস্য সচিব আবুল কালাম আজাদ পরীক্ষা কক্ষের পরিবেশ দেখে সন্তোষ প্রকাশ করেণ।

শৈলকূপা উপজেলা জাসদের সভাপতি শরাফত ইসলামের দাফন সম্পন্ন

শৈলকূপায় উপজেলা জাসদের সভাপতি শরাফত ইসলামের দাফন সম্পন্ন হয়েছে। শনিবার বাদ জোহর শৈলকূপা উপজেলার রতিডাঙ্গা গ্রামে পারিবারিক কবরস্থানে তার দাফন সম্পন্ন হয়।

দাফন সম্পন্ন হওয়ার আগে রতিডাঙ্গা পূর্বপাড়া জামে মসজিদ প্রাঙ্গণে মরহুমের জানাজার নাম অনুষ্ঠিত হয়। জানাজায় কেন্দ্রীয় জাসদের যুগ্ম সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, উপজেলা আওয়ামী লীগের নেতা সাবেক উপজেলা চেয়ারম্যান নায়েব আলী জোয়ার্দার, ৫ নং কাঁচেরকোল ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড.সালাউদ্দিন জোয়ার্দার মামুন, জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তী, সাবেক সাধারণ সম্পাদক ফজলুর রহমান খুররম, উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খানসহ জেলা ও উপজেলা জাসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

এছাড়াও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গসহ শত শত মানুষ জানাজার নামাজে উপস্থিত ছিলেন।

উল্লেখ বেশকিছুদিন ধেও অসুস্থ্য থাকার কারণে হাসপাতালে ভর্তি থাকা অবস্থায় গত শুক্রবার রাত সাড়ে ১১টার দিকে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে অবস্থায় মৃত্যু বরন করেন।

শরাফত ইসলাম (৬২) একই উপজেলার দহকুলা গ্রামের মৃত বদরউদ্দিন মিয়ার সন্তান, তবে জন্মের পর থেকে তিনি রতিডাঙ্গা গ্রামে মামা (গোলাম মোস্তফা) বাড়িতে বেড়ে উঠেছেন। প্রয়াত জাসদ নেতা ঝিনাইদহ-১ আসনের সাবেক সাংসদ গোলাম মোস্তফার ভাগ্নে বলে ঝিনাইদহ- শৈলকুপায় ব্যাপক পরিচিত ছিলেন। তিনি ছাত্র জীবনে জাসদ ছাত্রলীগের রাজনীতি দিয়ে রাজনৈতিক জীবন শুরু করে বিভিন্ন পদ পদবীতে দায়িত্ব করেন এবং পরবর্তীতে শৈলকূপা উপজেলা জাসদের সভাপতি এবং জেলা জাসদের সহ-সভাপতি নির্বাচিত হন। ২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জাসদ থেকে মনোনীত হন, কিন্তু শারীরিক অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি থাকায় মনোনয়ন পত্র জমা দিতে পারেন নি।

মৃত্যু কালে তিনি এক স্ত্রী, দুই কন্যা সন্তান, অসংখ্য রাজনৈতিক সহকর্মী, আত্মীয় স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুতে জাসদের সভাপতি হাসানুল হক ইনু (এমপি), সাধারণ সম্পাদক শিরিন আক্তার (এমপি) শোকা জানিয়েছেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত

‘উন্নয়ন শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে, দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা দুর্নীতি দমন কমিশনের আয়োজনে শনিবার (৯ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন

কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দুর্নীতি দমন কমিশন ঝিনাইদহ সমন্বিত জেলা কার্যালয়ের উপ-পরিচালক শফি উল্লাহ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার মহিদুর রহমান, সরকারি কেসি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ড. বি এম রেজাউল করিম, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল। এছাড়াও বক্তব্য রাখেন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াছমিন, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকুসহ অন্যান্যরা।

বক্তারা, দুর্নীতিকে বৈশি^ক সমস্যা বলে সজ্ঞায়িত করে এর ভয়াবহতা মানুষের মাঝে প্রচার ও দুর্নীতিগ্রস্থদের কঠোর শাস্তির ব্যবস্থা করে দুর্নীতি নির্মুল করার আহ্বান জানান।

ঝিনাইদহে বেগম রোকেয়া দিবস পালিত

‘নারীর জন্য বিনিয়োগ, সহিংসতা প্রতিরোধ’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে আান্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে শনিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফা ইয়াছমিন’র

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এতে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশন ঝিনাইদহ সমন্বিত জেলা কার্যালয়ের উপ-পরিচালক শফি উল্লাহ, অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী প্রমুখ।

সেসময় বক্তারা, নারীর অর্থনৈতিক অধিকার নিশ্চিত করতে পরিবার থেকে রাস্ট্র পর্যন্ত সকলকে যার যার অবস্থান থেকে এগিয়ে আসার আহ্বান জানান। সেই সাথে নির্যাতন প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির পরামর্শ দেন।

আলোচনা সভা শেষে জয়িতা অন্বেষণ বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের আওতায় বিভিন্ন ক্যাটাগরিতে ঝিনাইদহের ১০ জন নারীকে সম্মাননা প্রদাণ করা হয়।

ঝিনাইদহে ইন্সুরেন্স অফিসে এক যুবককে আটকে রেখে মুক্তিপন আদায়ের চেষ্টা

ঝিনাইদহে চাটার্ড লাইফ ইন্সুরেন্সের অফিসে ৩দিন যাবৎ এক যুবককে আটকে রেখে মুক্তিপন আদায়ের অভিযোগ উঠেছে ওই প্রতিষ্ঠানের কয়েকজন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে।

ভুক্তভোগীদের অভিযোগ সূত্রে জানা যায়, গত ২৯নভেম্বর চাটার্ড লাইফ ইন্সুরেন্সে কর্মরত ফারাবি আহম্মেদ রিয়াজ (২৩), ঝিনাইদহ শহরের বকুলতলা এলাকার একটি ছাত্রাবাস থেকে নয়ন আহম্মেদ (২২) নামে এক যুবককে পূর্বসম্পর্কের জের ধরে পিকনিকের দাওয়াত করে।

নয়ন এই দাওয়াতে উপস্থিত হলে ওই দিন রাত ১০টার দিকে তাকে আটকে ফেলে ৩ লক্ষ টাকা মুক্তিপন দাবী করে। এই মুক্তিপন আদায় করতে ফারাবি এবং একই অফিসে কর্মরত দেবাশীষ, সাকিব, পারভেজসহ অজ্ঞাত

আরও কয়েকজন নয়নের উপর মারধর শুরু করে এবং তার ব্যবহৃত মোবাইল ফোনটি কেড়ে নেই । এক পর্যায়ে তারা নয়নের পিঠে ব্লেডদিয়ে কাটতে থাকে এবং মশার কয়েল দিয়ে পিঠে ও শরীরের বিভিন্ন স্থানে ছ্যাকা দেয়। যন্ত্রনা সইতে না পেরে নয়ন ফাঁকা স্ট্যাম্পে সই করতে বাধ্য হয়। এই স্ট্যাম্পে ৩লক্ষ টাকা লিখে নিয়ে নয়নের বাবাকে ফোনদিয়ে বলে আপনার ছেলে তিন লক্ষ টাকা ধার নিয়ে আর দিচ্ছে না আপনি দ্রুত টাকা নিয়ে আসলে আপনার ছেলেকে ছেড়ে দেওয়া হবে। এ অবস্থায় তারা নয়নকে নিয়ে অফিস ত্যাগ করে অজ্ঞাত স্থানে চলে যায়। নয়ন বিভিন্ন কৌশলে অটকের তিন দিন পর গত ৩ ডিসেম্বর তাদের কাছ থেকে পালাতে সামর্থ হয়। নয়ন মুক্তি পেয়ে ৩ তারিখে রাতে বাড়িতে এলে সবাই এই তথ্য নিশ্চিত হয় এবং অসুস্থ নয়নকে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ভর্তি হয়। দুই দিন চিকিৎসার পর নয়নের বাবা মোঃ ফারুক হোসেন গত ৬ডিসেম্বর ওইসব অপরাধীদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় অভিযোগ করেন।

ভূক্তভোগী নয়ন আহম্মেদ ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামের মোঃ ফারুক হোসেনর ছেলে।
থানায় অভিযোগের সূত্র ধরে জানা যায়, চাটার্ড লাইফ ইন্সুরেন্সে কর্মরত ফারাবি আহম্মেদ রিয়াজ শৈলকুপা উপজেলার ফুলহরী কাজীপাড়া গ্রামের রেজাউল ইসলামের ছেলে, দেবাশীষ (৩০) চুয়াডাঙ্গা সদর উপজেলার বদরগঞ্জ এলাকার দশমী গ্রামের দিলিপ কুমার বিশ্বাসের ছেলে, সাকিব (২৩) কোটচাঁদপুর উপজেলার সাব্দার গ্রামের ছেলে এবং পারভেজ (২৭) ঝিনাইদহ শহরের পবহাটী এলাকার ছেলে।

এছাড়াও এদের সাথে অজ্ঞাত আরও কয়েকজন যুবক ছিল বলে নয়নের পিতা জানিয়েছেন। দেবাশীষের যে ফোন দিয়ে নয়নের পিতার নিকট মুক্তিপন দাবী করেছিল ওই ফোনে (০১৭১৩৫৫৫৯২৬) যোগাযোগের চেষ্টা করা হলেও ফোনটি বন্ধ পাওয়া যায়।

শৈলকুপায় পুলিশের বিরুদ্ধে

স্বতন্ত্র প্রার্থীর কর্মী সমর্থকদের হয়রানির অভিযোগ

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র এমপি প্রার্থী নজরুল ইসলাম দুলালের কর্মী সমর্থকদের ভীতি তৈরি করতে পুলিশী হয়রানির অভিযোগ উঠেছে। এ নিয়ে উদ্বেগ প্রকাশ করে অভিযুক্ত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন ভুক্তভোগীরা।

জানা গেছে, ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসন থেকে এবার স্বতন্ত্র প্রার্থী হিসেবে শক্ত অবস্থানে রয়েছেন নজরুল ইসলাম দুলাল। তার জনপ্রিয়তায় ঈশ্বার্ণিত হয়ে বিরোধী পক্ষের ইন্ধনে তার কর্মী সমর্থকদের পুলিশ দিয়ে হয়রানি করা হচ্ছে অভিযোগ করেছেন।

বুধবার বিকেলে শৈলকুপার শেখপাড়া এলাকা থেকে নজরুল ইসলাম দুলালের সমর্থক জাসেবকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ। জাসেব সাংবাদিকতার পাশাপাশি তার বাবার সারের ব্যবসা দেখাশোনা করেন।

সে স্বতন্ত্র প্রার্থীর সর্মথক হওয়ায় তাকে হয়রানি ও ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে আটক করা হয়েছে বলে এলাকাবাসী জানায়।

সাংবাদিক জাসেবের আটকের বিষয় নিশ্চিত করে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঠাকুর দাস মন্ডল জানান, ভুলক্রমে জাসেবকে আনা হয়েছে। নিরিহ ব্যক্তিকে কেনো পুলিশী হয়রানি করা হচ্ছে এমন প্রশ্নের জবাবে তিনি কোন মন্তব্য করতে রাজি হননি।

এ ব্যাপারে ঝিনাইদহ জেলা সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন কোন ভাবেই বিতর্কিত না হয় সেটা নিয়ে নির্বাচন কমিশন যথেষ্ট তৎপর। তারপরও নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পুলিশের এহেন অতি উৎসাহী হওয়া দেশে উৎসবমুখর নির্বাচনের পরিবেশকে বাঁধাগ্রস্থ করবে। তাই অচিরেই নির্বাচন কমিশনকে অতি উৎসাহী পুলিশ কর্মকর্তাদের ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে বলে জানান তিনি।